

১৫/১২/১৬  
২৩/১২/১৬

১৫/১২/১৬  
২৩/১২/১৬



স্মারক নং: ০৩.৮০৫.০০২.০০.০০.০২০.২০১৬- ৫৩০৪

তারিখ: ০৫ পৌষ, ১৪২৩  
১৯ ডিসেম্বর, ২০১৬

বিষয়: বিশ্ববিদ্যালয় সমূহকে জেলা পর্যায়ে ডিজিটাল উদ্ভাবনী মেলা ও 'Solve-A-Thon' প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম-এর আওতায় প্রতি বছরের মতো এ বছরও জেলা পর্যায়ে ডিজিটাল উদ্ভাবনী মেলা আগামী জানুয়ারী মাসে অনুষ্ঠিত হবে (তালিকা সংযুক্ত)। উক্ত উদ্ভাবনী মেলার সহিত এ বছরের 'Solve-A-Thon' ইভেন্ট আয়োজন করা হবে। 'Solve-A-Thon' এমন একটি প্রতিযোগিতা যার মাধ্যমে তরুন উদ্ভাবকদের উদ্ভাবনী প্রকল্পগুলো প্রদর্শন এবং শ্রেষ্ঠ প্রকল্প বাছাই করা হয়। দেশের বিশ্ববিদ্যালয় সমূহে শেষ পর্বে যেহেতু ছাত্ররা বিভিন্ন প্রকল্পের (থিসিস) কাজ করার জন্য এ ধরনের উদ্ভাবনী চর্চা করে থাকেন এবং তাদের কারিগরি দক্ষতা রয়েছে, তাই বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা এ ক্ষেত্রে একটি বড় অবদান রাখতে পারে বলে এটুআই বিশ্বাস করে। জেলা পর্যায় থেকে বাছাইকৃত প্রকল্প সমূহ নিয়ে বিভাগীয় পর্যায়ে 'Solve-A-Thon' প্রতিযোগিতার আয়োজন করা হবে। বিভাগীয় পর্যায়ে থেকে বাছাইকৃত শ্রেষ্ঠ প্রকল্প সমূহ জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য এটুআই প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে এবং একটি 'টিভি রিয়েলিটি শো'র মাধ্যমে আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা করা হবে।

২। এমতাবস্থায় দেশের সকল পলিটেকনিক প্রতিষ্ঠান সমূহের সংশ্লিষ্ট ছাত্ররা যাতে পূর্ব-প্রস্তুতি গ্রহণ করতে পারে এ জন্য পলিটেকনিক প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয়দের অবহিতকরন এবং 'Solve-A-Thon' ইভেন্টে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

বিঃদ্রঃ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অংশগ্রহণ কারিদের রেজিস্ট্রেশন পদ্ধতি [www.ilab.gov.bd](http://www.ilab.gov.bd) অথবা <http://www.a2i.pmo.gov.bd/> সাইটের মাধ্যমে জানা যাবে।

১৫/১২/১৬

(কবির বিন আনোয়ার)  
মহাপরিচালক প্রশাসন ও প্রকল্প পরিচালক  
এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।  
[kabirbinanwar@pmo.gov.bd](mailto:kabirbinanwar@pmo.gov.bd)

স্মারক নং : জি-৩৪২(বি-১৫)/জি-২৬৬/১৭/১১(১৪)/সাঃ

তারিখ : ০১.০১.২০১৭ ইং

সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো :

- ১-৮। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ১-৯। কো-অর্ডিনেটর, আইসিটি সেন্টার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ২০-১০। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক/তথ্য শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ১১। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি.।
- ১২। সেকশন অফিসার, উপ-উপাচার্য দপ্তর, চ.বি.।

(চৌধুরী আমীর মোহাম্মদ মুছা)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(প্রশাসন)  
জেনারেল শাখা, রেজিস্ট্রার অফিস, চ.বি.।